

স্মারক নং: ২৭.৩২.০০০০.০০৭.১১.০০১.২০-৮২১

তারিখঃ ৩১/১০/২০২১ খ্রিঃ।

বিষয়ঃ সিপিজিসিবিএল এর “সহকারী ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন)” পদে নিয়োগপত্র।

কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল) এর স্মারক নং-২৭.৩২.০০০০.০০৭.১১.০০১-২১-০৫১; তারিখঃ ২৪/০১/২০২১ খ্রিঃ দ্বারা জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে সিপিজিসিবিএল এর নিয়োগ কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন মোতাবেক নিয়োক্ত প্রার্থী-কে সিপিজিসিবিএল এর “সহকারী ব্যবস্থাপক (এইচআরএম/এডমিন)” পদে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক্রঃ নং	রোল ও প্রার্থীর নাম	পিতার নাম	ঠিকানা	পদস্থিত দপ্তর
১	২	৩	৪	৫
০১।	রোল:- ১১০০০৬ জনাব মোঃ বিপ্লব হোসেন	মোঃ মঞ্জিল মিয়া	গ্রামঃ গোবিন্দ পুর; ডাকঘরঃ কুমিল্লা সদর; উপজেলাঃ কুমিল্লা সদর; জেলাঃ কুমিল্লা।	মাতারবাড়ী সাইট অফিস, মহেশখালী, কক্সবাজার।

নিয়োগের শর্তাবলী:-

০১) চাকুরির চুক্তির মেয়াদ:

০১ (এক) বছর শিক্ষানবিশকালসহ এ চুক্তির মেয়াদ এক নাগাড়ে ০৩ (তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে যার প্রথম বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকাল (০১ বছর) শেষে নির্ধারিত তথ্যাদি প্রাপ্তি সাপেক্ষে চাকুরিতে চুক্তির পরবর্তী দুই বছরের মেয়াদ কার্যকর করা হবে।

০২) শিক্ষানবিশকাল ও পরবর্তী মেয়াদ বৃদ্ধি/নবায়ন:

- শিক্ষানবিশকালে তাঁর কর্মদক্ষতা নির্ধারিত মানের নিম্ন বলে বিবেচিত হলে বা যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন বা চাকুরির ক্ষেত্রে কোনো ধরনের শৃঙ্খলাভঙ্গজনিত কার্যক্রম গৃহীত হলে বা তথ্যগত ত্রুটি/বিচ্যুতি পরিলক্ষিত হলে প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য করা হবে এবং কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকুরি হতে অপসারণ করা হবে;
- শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন হলে চাকুরিতে চুক্তির পরবর্তী দুই বছরের মেয়াদ কার্যকর করা হবে এবং পরবর্তীতে মোট ০৩ (তিন) বছর [শিক্ষানবিশকাল ০১(এক) বছর + অবশিষ্ট ০২ (দুই) বছর] মেয়াদান্তে সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুসারে সন্তোষজনক কর্মমূল্যায়ন ও যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী চুক্তির মেয়াদ বৃদ্ধি/নবায়ন করা যাবে;
- সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন ও সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়া পর্যন্ত এ চুক্তির মেয়াদ নবায়নযোগ্য হতে পারে;

০৩) পুলিশ ভেরিফিকেশন:

যোগদানের সময় নির্বাচিত প্রার্থী-কে স্বহস্তে পূরণকৃত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম জমা দিতে হবে এবং সন্তোষজনক পুলিশি প্রতিপাদন প্রাপ্তি সাপেক্ষে ০১(এক) বছর শিক্ষানবিশকালের পর পরবর্তী চুক্তিভিত্তিক নিয়োজনের চুক্তি স্বাক্ষর সম্পাদন করা হবে। এক (০১) বছর সময়ের মধ্যে পুলিশি প্রতিপাদন না পাওয়া গেলে অথবা প্রতিপাদন অসন্তোষজনক হলে অথবা অন্যান্য পরীক্ষার সনদ মিথ্যা/ভুল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ছাড়াই প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করা হবে এবং সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ এর বিধি-৪.১(এফ) অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। [পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম সিপিজিসিবিএল এর ওয়েব সাইটে (www.cpgcbl.gov.bd) পাওয়া যাবে এবং ইতোমধ্যে প্রার্থীর ই-মেইলে উক্ত ফরম প্রদান করা হয়েছে]

০৪) বেতন-ভাতাদি ও অন্যান্য সুবিধাদি

- মাসিক মূল বেতন : ৫২,০০০/- (বায়ান হাজার) টাকা।
- বাড়ি ভাড়া ভাতা : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী।
- চিকিৎসা ভাতা : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী।
- যানবাহন/যাতায়াত ভাতা : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী।
- টেলিফোন (দাপ্তরিক/আবাসিক) : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী।
- বার্ষিক বেতন বৃদ্ধি : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী।
- উৎসব বোনাস : প্রতি বছর দু'টি উৎসব বোনাস, প্রতিটি উৎসবের অব্যবহতি পূর্ববর্তী মাসে গৃহীত মূল বেতনের ভিত্তিতে।
- বাংলা নববর্ষ ভাতা : অব্যবহতি পূর্ববর্তী মাসে গৃহীত মূল বেতনের ২০% হারে।
- শিক্ষা সহায়ক ভাতা : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ ও সিপিজিসিবিএল বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী।
- ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।
- ছুটি : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।
- ছুটি নগদায়ন : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।
- ভবিষ্য তহবিল সুবিধা : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।
- গুপ ইন্স্যুরেন্স সুবিধা : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।
- গ্রাচুইটি : সিপিজিসিবিএল (কর্মচারী) চাকুরি বিধিমালা-২০১৭ অনুযায়ী।

